**বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন**
**৬৩, নিউ ইস্কাটন, ঢাকা**

ই- গভর্ন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আবদুল মালেক<br>পরিচালক ( প্রশাসন), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা। |
| স্থান | : | পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ, (কক্ষ নং- ২০৮) |
| তারিখ | : | ০২ অক্টোম্বর, ২০২২ |
| সময় | : | ১১.৩০ ঘটিকায়। |

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, সরকারি সেবার গুণগত মান উন্নয়নে সরকার আন্তরিক ভাবে কাজ করে যাচ্ছে। সে লক্ষ্যে সরকারি সেবায় ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী উদ্যোগের প্রয়োগকে প্রতিষ্ঠানিক উৎসাহিত করতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনাকে অন্তর্ভূক্ত করা হয়েছে। ইতোমধ্যে বিয়াম ফাউন্ডেশনের প্রদত্ত বেশকিছু সেবাকে সহজীকরণ, ডিজিটাইজেশন ও উদ্ভাবনের মাধ্যমে ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী কার্যক্রমের আওতায় আনা হয়েছে। সভাপতি এ প্রতিষ্ঠানের ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি উপস্থাপনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে আহ্বান জানান।

০২। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা বার্ষিক কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর প্রতিটি সূচকের বিপরীতে বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করেন। বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রম পর্যালোচনায় দেখা যায় উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন, সেবা সহজীকরণ ও ডিজিটাজেশনের (কার্যক্রম ১.২.১) এর লক্ষ্য মাত্রা যথাসময়ে অর্জিত হয়েছে এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন প্রেরিত হয়েছে। ইতোপূর্বে ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় (কার্যক্রম-১.৪.১) নির্ধারিত সময়ের মধ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

০৩। বিয়ামের তথ্য বাতায়ন প্রতি ত্রৈমাসিকে হালনাগাদকরণ (কার্যক্রম-২.১) করা হয়েছে এবং প্রতিবেদন প্রেরিত হয়েছে। ই-গভর্ন্যান্স এবং উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের (কার্যক্রম-২.২) নিমিত্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১টি প্রশিক্ষণ আয়োজিত হয়েছে, ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থের ৯৫% ব্যয়িত হয়েছে এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ১টি সভা আয়োজিত হয়েছে।

০৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্তসমূহঃ
(১) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সময় ও সূচক অনুযায়ী সকল লক্ষমাত্রা অর্জনে সচেষ্ট থাকতে হবে।
(২) ১৫ অক্টোম্বর ২০২২ এর নির্ধারিত সময়ের মধ্যে বিয়ামের ই-গর্ভনেন্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক স্বমূল্যায়ন প্রতিবেদন জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২/১০/২০২২

মোঃ আবদুল মালেক
ইনোভেশন অফিসার
ও
পরিচালক (প্রশাসন), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।

বিয়াম ফাউন্ডেশন, ঢাকার ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত এক সভা অদ্য ০২/১০/২০২২ তারিখ দুপুর ১১.৩০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত সভায় অংশগ্রহণে নিমিত্তে উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ

| ক্রঃনং | কর্মকর্তাদের পদবী | ইনোভেশন টিমের সদস্যবৃন্দের পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | জনাব মোঃ আবদুল মালেক<br>পরিচালক (প্রশাসন)<br>(অতি: দায়িত্ব) | ইনোভেশন অফিসার | ২/১০/২০২২ |
| ০২। | জনাব মোঃ আবদুল মালেক<br>পরিচালক (প্রশিক্ষণ, মূল্যায়ন ও পরামর্শ) | সদস্য | ২/১০/২০২২ |
| ০৩। | জনাব মেহেদী হাসান<br>উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন) | সদস্য | |
| ০৪। | জনাব মোঃ আহসান হাবিব<br>উপপরিচালক ((প্রশিক্ষণ,গবেষণা ও মূল্যায়ন) | সদস্য | |
| ০৫। | সহকারী পরিচালক (প্রশাসন) | সদস্য | |
| ০৬। | জনাব মোঃ বাছেদুল ইসলাম<br>সহকারী প্রোগ্রামার | সদস্য-সচিব | |

বাংলাদেশ ইনস্টিটিউট অব অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট (বিয়াম) ফাউন্ডেশন
৬৩, নিউ ইস্কাটন, ঢাকা – ১২১৭

স্মারক নং- ০৫.০৫.০০০০.০০৬.২১.০০৪.২১ -

তারিখঃ ২৯ সেপ্টেম্বর, ২০২২ খ্রিঃ

# সভার নোটিশ

বিয়াম ফাউন্ডেশন, ঢাকার ই-গর্ভনেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত এক সভা আগামী ০২/১০/২০২২ তারিখ দুপুর ১১.৩০ ঘটিকায় পরিচালক (প্রশাসন) এর দপ্তরে (কক্ষ নং- ২০৮)-এ অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় যথাসময়ে ইনোভেশন কর্মকর্তাদের উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোঃ বাছেদুল ইসলাম)
সহকারী প্রোগ্রামার
ও
সদস্য সচিব, ইনোভেশন কমিটি।

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। পরিচালক (প্রশাসন), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
০২। পরিচালক (প্রশিক্ষণ, মূল্যায়ন ও পরামর্শ), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
০৩। উপপরিচালক (প্রশাসন ও উন্নয়ন),বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
০৪। উপপরিচালক (প্রশিক্ষণ,গবেষণা ও মূল্যায়ন),বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
০৫। সহকারী পরিচালক (প্রশাসন)বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), বিয়াম ফাউন্ডেশন, ঢাকা।
০৭। অফিস কপি।